

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৫০

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - হিসাব-নিকাশ, প্রতিশোধ গ্রহণ ও মীয়ানের বর্ণনা

الفصل الاول (باب الحساب و القصاص و الميزان)

আরবী

وَعَن عدي بن حاتمٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «مَا مِنْكُم أَحَدٍ إِلَّا سَيُكَلِّمُهُ رَبُّهُ لَيْسَ بَيْنَهُ وَبَيْنَهُ تُرْجُمَانٌ وَلَا حِجَابٌ يَحْجُبُهُ فَيَنْظُرُ أَيْمَنَ مِنْهُ فَلَا يَرَى إِلَّا مَا قَدَّمَ مِنْ عَمَلِهِ وَيَنْظُرُ أَشْأَمَ مِنْهُ فَلَا يَرَى إِلَّا مَا قَدَّمَ وَيَنْظُرُ بَيْنَ يَدَيْهِ فَلَا يَرَى إِلَّا النَّارَ تِلْقَاءَ وَجْهِهِ فَاتَّقُوا النَّارَ وَلَوْ بِشِقِّ تَمْرَة» . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (6539) و مسلم (67 / 1016)، (2348) ـ مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৫৫০-[২] 'আদী ইবনু হাতিম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তোমাদের মধ্যে এমন কেউ নেই যার সাথে তার রব কথাবার্তা বলবেন না। তার ও তার প্রভুর মাঝে কোন দোভাষী এবং এমন কোন পর্দা থাকবে না, যা তাকে লুকিয়ে রাখবে। সে তার ডানে তাকাবে, তখন আগে প্রেরিত 'আমল ছাড়া আর কিছুই দেখতে পাবে না। আবার বামে তাকাবে, তখন আগে পাঠানো 'আমল ছাড়া আর কিছুই দেখতে পাবে না। আর সম্মুখের দিকে তাকালে জাহান্নাম ছাড়া আর কিছুই দেখতে পাবে না, যা একেবারে চেহারার সামনে অবস্থিত। অতএব এক টুকরা খেজুরের বিনিময়ে হলেও জাহান্নাম থেকে বাঁচতে চেষ্টা কর। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৭৫১২, মুসলিম ৬৭-(১০১৬), তিরমিয়ী ২৪১৫, ইবনু মাজাহ ১৮৫, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৮৬৩, মুসনাদে আহমাদ ১৮২৭২, সহীহ ইবনু হিব্বান ৭৩৭৩, হিলইয়াতুল আওলিয়া ৪/১২৪, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৩৬৪৬, আল মু'জামুস সগীর লিত্ব ত্ববারানী ৯১৬, আল মু'জামুল আওসাত্ব



৭৫৯১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১০৪২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مِنْ<مَا مِنْكُم أَحَدِ) অতিরিক্ত হিসেবে ব্যবহার হয়েছে না-বোধকের পরিব্যপ্তি বুঝানোর জন্য। বার্তাটি মু'মিনদের জন্য। আল্লাহ বান্দার সাথে কথা বলবেন বিনা মাধ্যমে। আল্লাহ ও বান্দার মাঝে কোন দোভাষী থাকবে না। (تُرْجُمَانٌ) অর্থ দোভাষী, যিনি কোন কথাকে এক ভাষা থেকে অন্য ভাষায় বুঝিয়ে দেন, রূপান্তরিত করেন, ব্যাখ্যা করেন।

বান্দা ডানদিকে তার সৎ "আমলগুলোকে উপস্থিত পাবে অথবা তার নির্ধারিত বিনিময় দেখতে পাবে। আর বামদিকে স্বীয় মন্দ 'আমলকে উপস্থিত পাবে।

(وَلَوْ بِشِقِّ تَمْرَة) অর্থাৎ তোমরা অর্ধেক খেজুর অথবা কিয়দাংশ সদাক্কাহ করে হলেও তা করো, এর অর্থ সামান্য খেজুর বা অন্য কিছু হলেও তা দান কর। কারণ তা তোমাদের ও জাহান্নামের মাঝে অন্তরায় হয়ে দাঁড়াবে। আর অবশ্যই সদাক্কাহ ঢালস্বরূপ এবং জান্নাতের যাওয়ার ওয়াসীলাহ। (মিরকাতুল মাফাতীহ)।

হাফিয (রহিমাহুল্লাহ) বলেন, স্বল্প পরিমাণে হলেও সদাকাহ্ ও সৎ 'আমলকে তোমাদের ও জাহান্নামের মাঝে রক্ষার উপায় অবলম্বন করো। (তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৪১৫)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন